গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস হাউস, ঢাকা।
www.dch.gov.bd
Email: dch@nbr.gov.bd

স্মারক নং: ৫-কাস-১২(১৭)বিশেষ ই-নিলাম-০২/২০২৬/মূলনথি/২০২৬/ ৯০৫৩৪ তারিখ: ১০/০৮/২০২৬ খ্রি.

## নিলাম বিক্রয় অনুমোদন নোটিশ

জাতীয় রাজস্ব বোর্ডের অখালাসকৃত বা চোরাচালানের অভিযোগে আটক ও বাজেয়াপ্তকৃত পণ্যের নিষ্পত্তি সংক্রান্ত স্থায়ী আদেশ নং-৯১/কাস্টমস/২০২৫/১২৩, তারিখ: ০২/০৭/২০২৫ খ্রি. এবং বিশেষ আদেশ নং- ২৬/কাস্টমস/২০২৬, তারিখ: ১০/০৬/২০২৬ খ্রি. মোতাবেক অনুষ্ঠিত বিশেষ ই-নিলাম নং- ০২/২০২৬, তারিখ: ২৯/০৭/২০২৬ খ্রি. তে অংশগ্রহণকারী বিডারগণের দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, বর্ণিত নিলামের ০৭ (সাত) টি লটের মধ্যে নিম্নোক্ত ছকে বর্ণিত ০৭ (সাত) টি লটের অনুকূলে নিলাম বিক্রয় নোটিশ নির্দেশক্রমে অনুমোদন দেয়া হলো।

| ক্রম. | লট নং | পণ্যের অবস্থান | পণ্যের বিবরণ | পণ্যের পরিমাণ | | সর্বোচ্চ দরদাতার নাম ও ঠিকানা | সর্বোচ্চ দরপত্র মূল্য (টাকা) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | কেজি | সংখ্যা | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ১ | ২০০১/২০২৬ | ডিএইচএল ওয়ার্ল্ডওয়াইড এক্সপ্রেস (বিডি) প্রা. লিমিটেড | বিভিন্ন ধরণের পণ্য | ১৭৫২.২১ | ০ | হারিজ ভ্যারাইটিজ স্টোর ৬৬৪, আশকোনা, হজ্বক্যাম্প, দক্ষিণখান, ঢাকা-১২৩০ | ৫,০০,০০০ | |
| ২ | ২০০২/২০২৬ | বাংলাদেশ এক্সপ্রেস কোম্পানি লিমিটেড (ফেডেক্স) | বিভিন্ন ধরণের পণ্য | ১৮৬৯.৭০ | ০ | পানিয়ান ট্রেডার্স | ৬,৩০,০০০ | |
| ৩ | ২০০৩/২০২৬ | এক্সপ্রেস সার্ভিস ইউনিট | বিভিন্ন ধরণের পণ্য | ১২৬৬.৭৩ | ০ | মেসার্স আক্তার ট্রেডার্স বাড়ী- ৮০৯/৮১০, শাহ কবির মাজার রোড, উত্তরখান, ঢাকা-১২৩০। | ৬৭,০০০ | |
| ৪ | ২০০৪/২০২৬ | আমদানি কার্গো কমপ্লেক্স, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স (এয়ারফ্রেইট ইউনিট) | বিভিন্ন ধরণের পণ্য | ১৩২১০.০০ | ০ | খান এন্টারপ্রাইজ | ১১,০০,০০০ | |
| ৫ | ২০০৫/২০২৬ | এক্সপ্রেস সার্ভিস ইউনিট | বিভিন্ন ধরণের পণ্য | ১৪৬২.৮৮ | ০ | মোঃ জিয়াউল হক অভি | ৯১,৫০০ | |
| ৬ | ২০০৬/২০২৬ | এক্সপ্রেস সার্ভিস ইউনিট | বিভিন্ন ধরণের পণ্য | ৩৬৮০.৩৫ | ০ | হারিজ ভ্যারাইটিজ স্টোর ৬৬৪, আশকোনা, হজ্বক্যাম্প, দক্ষিণখান, ঢাকা-১২৩০ | ৫,০০,০০০ | |
| ৭ | ২০০৭/২০২৬ | আমদানি কার্গো কমপ্লেক্স, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স (এয়ারফ্রেইট ইউনিট) | বিভিন্ন ধরণের পণ্য | ৪২৩৬.৯৫ | ০ | পানিয়ান ট্রেডার্স | ২০,৬০,০০০ | |

০২। উল্লেখ্য, ক্যাটালগে বর্ণিত অনুমোদিত লটের মালামাল খালাস দেয়ার সময় লটের আংশিক মালামাল খালাস দেয়া হবে না। লটের সমুদয় মালামাল একসঙ্গে খালাস নিতে হবে। অনুমোদিত লটসমূহের বিক্রয় অনুমোদন কাস্টমস হাউস, ঢাকা এর নোটিশ বোর্ডে অথবা ওয়েবসাইটে প্রকাশিত হওয়ার পর থেকে ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে নিলাম ক্রেতাকে অবশ্যই পণ্য গ্রহণ/খালাস নিতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে নিলাম ক্রেতা পণ্য গ্রহণ না করলে বিক্রয় অনুমোদন বাতিল বলে গণ্য হবে এবং উক্ত লটের পণ্য পুনরায় পরবর্তী নিলামে ক্যাটালগভুক্ত করা হবে। এছাড়া নিলাম ক্রেতার জামানত রাষ্ট্রের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে। আমদানি নীতি আদেশ, ২০২১-২০২৪ অনুযায়ী শর্তযুক্ত পণ্য শর্তপূরণ সাপেক্ষে খালাসযোগ্য হবে। আমদানি নিষিদ্ধ কোন পণ্য লটভুক্ত থাকলে তা খালাসযোগ্য হবে না। যদি কোন পণ্য খালাসের ক্ষেত্রে অন্য কোন দপ্তরের অনুমতি প্রয়োজন হয়, সেক্ষেত্রে উক্ত দপ্তরের অনুমতিপত্র গ্রহণপূর্বক কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে পণ্য খালাস গ্রহণ করতে হবে।

০৩। নিলাম শাখার দায়িত্বে নিয়োজিত অ্যাসিস্ট্যান্ট রেভিনিউ অফিসার ও সংশ্লিষ্ট গুদাম কর্মকর্তার উপস্থিতিতে নিলাম কমিটি কর্তৃক স্বাক্ষরিত ও অনুমোদিত ক্যাটালগ এবং উক্ত লটের সর্বশেষ সংশোধনী তালিকার মালামাল খালাস নিতে হবে। নিলাম তালিকায় যে লটগুলো অনুমোদিত হয়নি তা পরবর্তী নিলামে অন্তর্ভুক্ত করা হবে এবং নিলামে দাখিলকৃত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশক্রমে ফেরৎ দেয়া হবে।

০৪। দরপত্র দাতাগণকে পণ্য খালাসের সময় নিজে উপস্থিত থেকে ও ৩০০ (তিনশত) টাকা মূল্যের নন জুডিশিয়াল স্ট্যাম্পে ছবিসহ অঙ্গীকারনামা দাখিল করে পণ্য খালাস গ্রহণ করতে হবে।

০৫। লট অনুযায়ী সর্বোচ্চ দরমূল্য ১০০% বাবদ টাকা ট্রেজারি কোড নং- **১১১০২০৩১০২০০৯-১১৫১১০৫-কাস্টমস অকশন (নিলাম)**; মূল্য সংযোজন কর (মূসক) ১৫% বাবদ ট্রেজারি কোড নং-**১১১০২০৪১০২০১৭-১১৪১১০১-দেশজ পণ্য ও সেবার উপর মূসক**

Scanned with CamScanner

এবং এআইটি ১০% বাবদ ট্রেজারি কোড নং-**১১১০২১৫১০২৪৩০-১১১২১০১-অগ্রিম আয়কর (এআইটি)** সরকারি কোষাগারে 'এ চালান' (Automated Challan) এর মাধ্যমে জমা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

১০/০৮/২৬

মোঃ কেফায়েত উল্যাহ মজুমদার
ডেপুটি কমিশনার অব কাস্টমস
জয়েন্ট কমিশনার অব কাস্টমস এর পক্ষে
কাস্টমস হাউস, ঢাকা।

স্মারক নং: ৫-কাস-১২(১৭)বিশেষ ই-নিলাম-০২/২০২৬/মুলনথি/২০২৬/ তারিখ: ১০/০৮/২০২৬ খ্রি.

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রমের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। সিস্টেমস ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা- ১২০৭ (নিলাম বিক্রয় অনুমোদন নোটিশ জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইটে (www.nbr.gov.bd) প্রকাশের অনুরোধসহ)।

০২। দ্বিতীয় সচিব (কাস্টমস গোয়েন্দা ও নিলাম), জাতীয় রাজস্ব বোর্ড, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা- ১২০৭ (নিলাম বিক্রয় অনুমোদন নোটিশ জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইটে (www.nbr.gov.bd) প্রকাশের অনুরোধসহ)।

০৩। ইন-চার্জ (অ্যাডিশনাল কমিশনার অব কাস্টমস), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।

০৪। ডেপুটি/অ্যাসিস্ট্যান্ট কমিশনার অব কাস্টমস, শিফট (এ, বি, সি ও ডি), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।

০৫। ডেপুটি/অ্যাসিস্ট্যান্ট কমিশনার অব কাস্টমস, এয়ারফ্রেইট ইউনিট, কাস্টমস হাউস, ঢাকা।

০৬। ডেপুটি/অ্যাসিস্ট্যান্ট কমিশনার অব কাস্টমস, এক্সপ্রেস সার্ভিস ইউনিট, কাস্টমস হাউস, ঢাকা।

০৭। মহাব্যবস্থাপক (কার্গো), বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লি., কুর্মিটোলা, ঢাকা।

০৮। ইডিপি ম্যানেজার, কাস্টমস হাউস, ঢাকা [তাঁকে নিলাম বিক্রয় অনুমোদন নোটিশ এ দপ্তরের ওয়েবসাইটে (www.dch.gov.bd) প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো]।

০৯। রেভিনিউ অফিসার (নিলাম ও পণ্য নিষ্পত্তি ব্যবস্থাপনা শাখা), কাস্টমস হাউস, ঢাকা।

১০। অ্যাসিস্ট্যান্ট রেভিনিউ অফিসার (নিলাম ও পণ্য নিষ্পত্তি ব্যবস্থাপনা), কাস্টমস হাউস, ঢাকা [তাঁকে অনুমোদনকৃত ও IPO নিষ্পত্তি হয়েছে নিশ্চিতপূর্বক (শর্তযুক্ত পণ্য শর্তপূরণ সাপেক্ষে) ও দরদাতাদের নিকট থেকে অঙ্গীকারনামা গ্রহণপূর্বক নিলাম কমিটি কর্তৃক স্বাক্ষরিত ও অনুমোদিত লটের মালামাল হস্তান্তর করতে হবে।]

১১। ইনচার্জ, কুরিয়ার সার্ভিস (সকল), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা, গেট-৯ (ক্যাটালগে বর্ণিত পণ্যসমূহ সংশ্লিষ্ট আইন ও বিধি পরিপালনপূর্বক বিডারকে পণ্য হস্তান্তরের জন্য বলা হলো)।

১২। পিএ টু কমিশনার অব কাস্টমস, কাস্টমস হাউস, ঢাকা (কমিশনার অব কাস্টমস মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১৩। পিএ টু অ্যাডিশনাল কমিশনার অব কাস্টমস, কাস্টমস হাউস, ঢাকা (অ্যাডিশনাল কমিশনার অব কাস্টমস মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১৪। পিএ টু জয়েন্ট কমিশনার অব কাস্টমস (নিলাম শাখা), কাস্টমস হাউস, ঢাকা (জয়েন্ট কমিশনার অব কাস্টমস মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১৫। মেসার্স কে এম কর্পোরেশন, ৩০৬ স্ট্যান্ডার্ড রোড, মাঝিরঘাট, চট্টগ্রাম [তাঁকে সর্বোচ্চ দরদাতা কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো]।

১৬। নোটিশ বোর্ড, কাস্টমস হাউস, ঢাকা।

মোঃ কেফায়েত উল্যাহ মজুমদার
ডেপুটি কমিশনার অব কাস্টমস
কাস্টমস হাউস, ঢাকা

Scanned with CamScanner